

বনিকবার্তা

রোববার, আগস্ট ২৫, ২০২৪ ■ ভাদ্র ১০, ১৪৩১



এনএসইউতে রোহিঙ্গা গণহত্যা দিবস স্মরণে আন্তর্জাতিক ওয়েবিনার

নর্থ সাউথ ইউনিভার্সিটিতে রোহিঙ্গা গণহত্যা দিবস স্মরণে 'রিপেয়ারিং দ্য হার্ম: রিস্টোরিং জাস্টিস ফর দ্য রোহিঙ্গাস' শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়েছে। সাউথ এশিয়ান ইনস্টিটিউট অব পলিসি অ্যান্ড গভর্ন্যান্সের (এসআইপিজি) সেন্টার ফর পিস স্টাডিজ সেন্টার (সিপিএস) এ অনুষ্ঠানের আয়োজন করে। ওয়েবিনারে কফি আনান কমিশনের সাবেক সদস্য রাষ্ট্রদূত ল্যাটিটিয়া ভ্যান ডেন অ্যাসুম, সিপিএসের প্রতিষ্ঠাতা ও পরিচালক ড. এমা লেসলি এবং আরাকান রোহিঙ্গা ন্যাশনাল অর্গানাইজেশনের (এআরএনও) সাধারণ সম্পাদক ড. মোহাম্মদ হাবিব উল্লাহ অংশ নেন। এ আয়োজনের অন্যতম প্যানেলিস্ট ও এনএসইউর অধ্যাপক ড. মো. রিজওয়ানুল ইসলাম সরাসরি উপস্থিত ছিলেন। এছাড়া সিপিএসের সমন্বয়ক ড. আব্দুল ওহাব কো-অর্ডিনেট করেন।